

নং-২১.১৭১.০১৪.০০.০০.৫০৮.২০১৪ -৩১৫

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়) (সংশোধিত)” শীর্ষক চলতি প্রকল্পের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

এহংকারী স্বাক্ষর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিষয়োক্ত প্রকল্পটির কার্যক্রম আইএমইডি'র সহকারী পরিচালক কর্তৃক চট্টগ্রাম জেলার রাশুনিয়া উপজেলা অংশ সরেজমিনে পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনের ভিত্তিতে প্রণীত পরিদর্শন প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল। উক্ত প্রতিবেদনে প্রদত্ত সুপারিশসমূহ নিম্নরূপ:

- (ক) মূলতঃ ডেইরি/পোল্ট্রি খামারীদের বাড়িতে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্যোগ নিতে হবে। উপকরণ প্রাপ্তির ওপর প্লান্টের আকার/ সাইজ নির্ভর করে। তাই প্লান্টের উৎপাদনক্ষমতা এবং প্লান্ট হতে উৎপাদিত গ্যাসের বহুবিধ ব্যবহার (রান্না ও বিদ্যুৎ উৎপাদন) অক্ষুণ্ন রাখার লক্ষ্যে প্লান্ট স্থাপনের মূল উপকরণ/কৌচামাল প্রয়োজনীয় পরিমাণে সরবরাহ/প্রাপ্তি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;
- (খ) প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উৎসাহ প্রদানের লক্ষ্যে প্লান্ট স্থাপনের সময় তাদের সবাইকে সাবসিডি প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে। আর ঋণের টাকা যথাযথ এবং কার্যকরভাবে ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্লান্ট স্থাপনের সময় ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এতে প্লান্ট স্থাপনে আগ্রহীর সংখ্যাও বাড়বে এবং ঋণীর সংখ্যাও বাড়বে;
- (গ) প্লান্ট স্থাপনের উপযোগি এলাকায় প্রকল্পের আওতায় সংস্থানকৃত ওরিয়েন্টেশন কার্যক্রমের পাশাপাশি প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম/সুবিধা (গ্যাস ও বিদ্যুৎ উৎপাদন কাজে প্লান্টের ব্যবহার, সাবসিডি এবং ঋণ কার্যক্রম) এবং বাস্তবায়নোত্তর সুবিধা (জৈব সার উৎপাদন, ধোয়াইন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ, বায়ো-গ্যাস প্লান্টের মাধ্যমে রান্না এবং বিদ্যুৎ উৎপাদনের জন্য নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের সম্ভাবনা উন্মোচন প্লান্টে পচনশীল বর্জ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে দুষণমুক্ত পরিবেশ সৃষ্টি ইত্যাদি) সম্পর্কে ব্যাপক প্রচারনার (প্রকল্প অফিসের সামনে সাইনবোর্ড, যুব প্রশিক্ষণে এবং বিভিন্ন যুব সমাবেশে এর সম্পর্কে ধারণা প্রদান ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে) ব্যবস্থা করতে হবে;
- (ঘ) প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্প সংশ্লিষ্ট জনবলের নিয়োগসহ নিয়মিত দায়িত্ব পালনের ব্যবস্থা করতে হবে। এ লক্ষ্যে অর্থবহরভিত্তিক কর্মপরিকল্পনা প্রনয়ন করে তা যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে এবং প্রয়োজনানুসারে প্রয়োজ্যমতে নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে;এবং
- (ঙ) বাস্তবায়িতব্য বায়োগ্যাস প্লান্টের রেসিডুয়াল চৌবাচ্চা ও উপকরণ জমার চৌবাচ্চা আরসিসি স্লাব/ঝুঁকিমুক্ত কোন ঢাকনা দিয়ে ঢেকে রাখার জন্য অনুপ্রানিত করতে হবে এবং প্রকল্প অফিস হতে মাঠ পর্যায়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

০২। পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত ব্যবস্থা এ বিভাগকে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

পালি কর

২৭/০৩/২০১৭

(পলি কর)

সহকারী পরিচালক

ফোনঃ ৯১১৮১৮৬

E-mail: polykar28@gmail.com

সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৪। প্রকল্প পরিচালক, “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়) (সংশোধিত)” শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা।
- ০৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৩৮.৪২.১৭৭.২০১৫- ৪৬০

তারিখ ০৪-০৪-২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে :

- ০১। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সংশ্লিষ্ট) জেলা।
- ০৩। প্রোগ্রামার যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ----- উপজেলা(৬৬)টি----- জেলা (আইএমইডি'র সহকারী পরিচালক জনাব পলি কর কর্তৃক দাখিলকৃত সুপারিশ যথাযথ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর -- (সংশ্লিষ্ট) উপজেলা----- জেলা(আইএমইডি'র সহকারী পরিচালক জনাব পলি কর কর্তৃক দাখিলকৃত সুপারিশ যথাযথ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। কমিউনিটি সুপারভাইজার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর ----- (সংশ্লিষ্ট) উপজেলা----- জেলা।
- ০৮। অফিস কপি।

১৪/৩/২০১৭
(দীনা আক্তার)

ক্রেডিট এন্ড মার্কেটিং এক্সিকিউটিভ

ইমপ্যাক্ট প্রকল্প(ফেজ-২)।

ফোন : ৯৫৭৮১০৪

F-mail:dina_mainul@yahoo.com